doubtnut
India's Number 1 Education App

MATHS

NCERT - NCERT MATHEMATICS(BENGALI)

শতকরা

Example

1. পশ্চিমপাড়ার মাঠে আমাদের ফুটবল খেলা হয় | সেখানে একটি লম্বা বাঁশের 30% মাটির নীচে পোঁতা

আছে | বাঁশটির কত অংশ মাটির নীচে পোঁতা আছে হিসাব করে দেখো |

Watch Video Solution

2. পশ্চিমপাড়ার মাঠে আমাদের ফুটবল খেলা হয় | সেখানে একটি লম্বা বাঁশের 30% মাটির নীচে পোঁতা আছে | নাসরিন বাঁশটির $\frac{1}{20}$ অংশ সাদা রং করল | নাসরিন বাঁশটির শতকরা কত সাদা রং করল হিসাব করে দেখাও |

Watch Video Solution

3. পশ্চিমপাড়ার মাঠে আমাদের ফুটবল খেলা হয় | সেখানে একটি লম্বা বাঁশের 30% মাটির নীচে পোঁতা আছে | বাঁশটির মোট দৈর্ঘ্যের 15% লাল রং ও $\frac{1}{5}$ অংশ সবুজ করা হলো | বাঁশটির মোট দৈর্ঘ্যের অংশ লাল রং ও কত শতাংশ সবুজ রং করা হলো |

Watch Video Solution

4. পশ্চিমপাড়ার মাঠে আমাদের ফুটবল খেলা হয় | সেখানে একটি লম্বা বাঁশের 30% মাটির নীচে পোঁতা আছে | বাঁশটি যদি 2 মিটার লম্বা হয় ও 38 সেমি হলুদ রং

করা হয় তবে বাঁশটির মোট দৈর্ঘ্যের শতকরা কত হলুদ রং করা হয়েছে তা হিসাব করে লেখো |

Watch Video Solution

5. হাওড়া স্টেশন থেকে ট্রেন বর্ধমান যাবে | কর্ড লাইনে হাওড়া থেকে বর্ধমানের দূরত্ব 85 কিমি | কিন্তু মেইন লাইনে সেই দূরত্ব 5% বেশি | মেইন লাইনে হাওড়া থেকে বর্ধমানের দূরত্ব হিসাব করো |

Watch Video Solution

6. ফরিদপুরের নিয়ামতচাচা তার জমিতে অধিক ফলনশীল ধানবীজ ব্যবহার করেছেন | এর ফলে ধানের ফলন 30% বৃদ্ধি পেয়েছে কিন্তু তার জন্য চাষের খরচ 35% বেড়ে গেছে | আগে যে জমিতে 450 টাকা খরচ করে 1220 টাকার ফলন পেতেন , এখন সেই জমিতে নিয়ামতচাচার যায় আগের তুলনায় কত বেশি হবে হিসাব করে লেখো | অধিক ফলনশীল ধানবীজ ব্যবহারের ফলে চাষের খরচ কত বৃদ্ধি পেয়েছে ত্রৈরাশিক পদ্ধতিতে হিসাব করে লেখো |

Watch Video Solution

7. পহলমপুরের উমাদেবী তার জমিতে অধিক ফলনশীল বীজধান ব্যবহার করেছেন | এরফলে ধানের ফলন 20% বেড়েছে | কিন্তু তার জন্য ধানচাষের খরচ 25% বেড়ে গেছে | আগে তিনি 600 টাকা খরচ করে 1560 টাকার ফলন পেতেন | বর্তমানে অধিক ফলনশীল ধানবীজ ব্যবহার করে আগের তুলনায় কত বেশি আয় করবেন হিসাব করে লেখো |

Watch Video Solution

8. আমার বন্ধু একটি গল্পের বই লিখিত মূল্যের ওপর 25% ছাড়ে কিনল। সে যদি ওই বইটি লিখিত মূল্যেই

বিক্রি করে তবে সে শতকরা কত লাভ করবে হিসাব করে লেখো।

Watch Video Solution

9. একটি সাইকেল রিক্সা থেকে একটি অটোরিক্সার গতিবেগ ঘণ্টায় 8 কিমি বেশি । একজন লোক বাড়ি থেকে 2 ঘণ্টা সাইকেল রিক্সায় এবং 30 মিনিট অটোরিক্সায় করে 19 কিমি দুরের রেলওয়ে স্টেশনে পৌঁছালেন । অটোরিক্সার গতিবেগ নির্নয় করো |

Watch Video Solution

10. পেঁয়াজের দাম 20% বৃদ্ধি পেয়েছে | রমেনবাবু ঠিক করেছেন যে তার পরিবারে পেঁয়াজের মাসিক খরচ অপরিবর্তিত রাখবেন | তাই তিনি প্রতি মাসে পেঁয়াজের ব্যবহার শতকরা কত কমাবেন হিসাব করে লেখো |

Watch Video Solution

Exercise

1. আমার কাছে 50 টাকা আছে | 50 টাকার 12% আমি স্কুলে পেন কিনতে খরচ করলাম | আমি কত টাকার পেন কিনলাম হিসাব করো |

Watch Video Solution

2. বিদেশ থেকে একটি মেশিন এখানে আনতে 120% কর দিতে হয় | যদি মেশিনটির দাম বিদেশে 3,00,000 টাকা হয় তবে কর দেওয়ার পরে এখানে দাম কত হবে হিসাব করে লেখো |

Watch Video Solution

3. হিসাব করে মান লেখো : 80 টাকার 15%

Watch Video Solution

4. হিসাব করে মান লেখো : 215 টাকার 12%

Watch Video Solution

5. হিসাব করে মান লেখো : 80 টাকার 30%

Watch Video Solution

6. হিসাব করে মান লেখো : 37.8 মিটারের 110%

Watch Video Solution

7. হিসাব করে মান লেখো : 480 গ্রামের 200%

Watch Video Solution

8. 2.25 টাকা , 5 টাকার শতকরা কত লেখো |

Watch Video Solution

9. 85 গ্রাম , 17 কিলোগ্রামের শতকরা কত লেখো |

Watch Video Solution

10. 2 কিগ্রা 250 গ্রাম, 0.72 কুইন্টালের শতকরা কত লেখো |

Watch Video Solution

11. জলে হাইড্রোজেন ও অক্সিজেন 2 : 1 অনুপাতে আছে | জলের মোট পরিমাণে হাইড্রোজেন ও অক্সিজেন শতকরা কত আছে লেখো |

Watch Video Solution

12. হৃদয়পুরের একটি কারখানায় আগে দৈনিক 1,500 টি বোতল তৈরি হতো | এখন তৈরি হয় দৈনিক 1695 টি বোতল | ওই কাঁচের কারখানায় উৎপাদন শতকরা কত বৃদ্ধি পেয়েছে হিসাব করে লেখো |

Watch Video Solution

13. সাধারণত বায়ুতে নাইট্রোজেন , অক্সিজেন ও কার্বনডাই - অক্সাইড গ্যাসের পরিমাণ যথাক্রমে 75.6 %, 23.04 % ও 1.36 % , 25 লিটার বায়ুতে কোন গ্যাস কতটুকু আছে হিসাব করে লেখো |

Watch Video Solution

14. তৃষা মিলনদাদার বইয়ের দোকান থেকে একটি বই কিনলো | মিলনদাদা বইয়ের উপর লেখা দামের উপর পর্যায়ক্রমে (পরপর) 10% ও 5% ছাড় দিলেন | বইটির উপর লেখা দাম 200 টাকা হলে তৃষা মিলনদাদাকে কত টাকা দিল হিসাব করে লেখো |

Watch Video Solution

15. একটি বর্গক্ষেত্রের প্রতিটি বাহুর দৈর্ঘ্য 10% বাড়ালাম | ওই বর্গক্ষেত্রের ক্ষেত্রফল শতকরা কত বাড়লো ত্রৈরাশিক পদ্ধতিতে হিসাব করে লেখো |

Watch Video Solution

16. সময়মতো বিদ্যুতের বিল জমা দিলে 15% ছাড় পাওয়া যায় | সময়মতো বিল দিয়ে আমার কাকিমা 54 টাকা ছাড় পেলেন | বিদ্যুৎ বিলের পরিমাণ কত ছিল হিসাব করে লেখো |

Watch Video Solution

17. চিনির মূল্য 20% বেড়ে গেছে | তাই চিনির মাসিক খরচ অপরিবর্তিত রাখতে চিনির মাসিক ব্যবহারের

পরিমাণ শতকরা কত কম করতে হবে , হিসাব করে লেখো |

Watch Video Solution

18. জল জমে বরফ হলে আয়তন 10% বৃদ্ধি পায় | এই বরফ গলে জল হলে আয়তন শতকরা কত হ্রাস পাবে হিসাব করে লেখো |

Watch Video Solution

19. উৎপলবাবু অধিক ফলনশীল ধানবীজ ব্যবহার করায় ধানের ফলন 55% বৃদ্ধি পেয়েছে | কিন্তু তার জন্য চাষের খরচ 40% বেড়েছে | আগে উৎপালবাবু তার জমিতে 1200 টাকা খরচ করে 3000 টাকার ফলন পেতেন | এখন জমিতে অধিক ফলনশীল ধানবীজ ব্যবহার করায় তার আয় কত পরিমাণ বাড়বে না কমবে , হিসাব করে লেখো |

Watch Video Solution

20. একটি বিধানসভা কেন্দ্রের ভোটারদের 80% ভোট দিয়েছেন এবং বিজয়ী প্রার্থী প্রদত্ত ভোটের 65% ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন | তিনি মোট ভোটের শতকরা কত ভোট পেয়েছেন , হিসাব করে লেখো |

Watch Video Solution

21. এই বছরে নন্দলাল উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের পরীক্ষার্থীদের 85% বাংলায় , 70% অঙ্কে এবং 65% উভয় বিষয়ে A+ পেয়েছে পরীক্ষার্থীর সংখ্যা যদি 120 জন

হয় | তবে হিসাব করে দেখো কতজন পরীক্ষার্থী উভয় বিষয়ে A+ পেয়েছে ??

Watch Video Solution

22. এই বছরে নন্দলাল উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের পরীক্ষার্থীদের 85% বাংলায় , 70% অঙ্কে এবং 65% উভয় বিষয়ে A+ পেয়েছে পরীক্ষার্থীর সংখ্যা যদি 120 জন হয় | তবে হিসাব করে দেখো কতজন পরীক্ষার্থী শুধু অঙ্কে A+ পেয়েছে ??

Watch Video Solution

23. এই বছরে নন্দলাল উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের পরীক্ষার্থীদের 85% বাংলায় , 70% অঙ্কে এবং 65% উভয় বিষয়ে A+ পেয়েছে পরীক্ষার্থীর সংখ্যা যদি 120 জন হয় | তবে হিসাব করে দেখো কতজন পরীক্ষার্থী শুধু বাংলায় A+ পেয়েছে ??

Watch Video Solution

24. এই বছরে নন্দলাল উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের পরীক্ষার্থীদের 85% বাংলায় , 70% অঙ্কে এবং 65% উভয় বিষয়ে A+ পেয়েছে পরীক্ষার্থীর সংখ্যা যদি 120 জন

হয় | তবে হিসাব করে দেখো কতজন পরীক্ষার্থী উভয় বিষয়ে A+ পায়নি ??

Watch Video Solution

25. আমিনা বিবির বেতন প্রথমে 20% বৃদ্ধি পেয়ে পরে 20% হ্রাস পেল | আমিনা বিবির বেতন শতকরা কত পরিবর্তন হলো হিসাব করে লেখো |

Watch Video Solution

26. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 15% বৃদ্ধি করা হলো এবং প্রস্থ 15% হ্রাস করা হলো | আয়তক্ষেত্রের ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি বা হ্রাস পেল হিসাব করো |

Watch Video Solution

27. একটি ঘরের দৈর্ঘ্য , প্রস্থ এবং উচ্চতা যথাক্রমে 15 মি , 10 মি , 5 মি | যদি দৈর্ঘ্য , প্রস্থ এবং উচ্চতার প্রত্যেকটি 10% বৃদ্ধি করা হয় তবে চার দেয়ালের ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে , হিসাব করে লেখো |

Watch Video Solution

28. বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় 20% শিক্ষার্থী 100 মিটার দৌড়ে , 15% শিক্ষার্থী 200 মিটার দৌড়ে এবং 10% শিক্ষার্থী লংজাম্প প্রতিযোগিতায় নাম দেয় | 5% শিক্ষার্থী তিনটিতেই নাম দেয় | বিদ্যালয়ে শিক্ষার্থীর সংখ্যা 780 জন হলে কতজন শিক্ষার্থী ওই প্রতিযোগিতায় কোনোটিতেই নাম দেয়নি , হিসাব করে লেখো | (কোনো প্রতিযোগী একসাথে দুটিতে নাম দেয়নি)

Watch Video Solution